# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১১৮৬

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩০. তৃতীয় অনুচ্ছেদ - সুন্নাত ও এর ফযীলত

আরবী

وَعَنْ عَمْرِو بْنِ عَطَاءٍ قَالَ: إِنَّ نَافِعَ بْنَ جُبَيْرٍ أَرْسَلَهُ إِلَى السَّائِبِ يَسْأَلُهُ عَنْ شَيْءٍ رَآهُ مِنْهُ مُعَاوِيَةُ فِي الصَّلَاةِ فَقَالَ: نَعَمْ صَلَّيْتُ مَعَهُ الْجُمُعَةَ فِي الْمَقْصُورَةِ فَلَمَّا سَلَّمَ الْإِمَامُ قُمْتُ فِي مَقَامِي فَصَلَّيْتُ فَلَمَّا دَخَلَ أَرْسَلَ إِلَيَّ فَقَالَ: لَا تَعُدْ لِمَا فَعَلْتَ إِذَا صَلَّيْتَ الْجُمُعَةَ فَلَا تَصِلْهَا بِصَلَاةٍ حَتَّى تكلم أَوتخرج فَإِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَمَرَنَا بِذَلِك أَنْ لَا نُوصِلَ بِصَلَاةٍ حَتَّى نتكلم أَو نخرج. رَوَاهُ مُسلم

বাংলা

১১৮৬-[২৮] ’আমর ইবনু ’আত্বা (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেছেন, নাফি’ ইবনু যুবায়র (রহঃ) তাঁকে সায়িব (রাঃ)-এর নিকট পাঠিয়েছিলেন। তিনি যেন ঐসব জিনিস তাঁকে প্রশ্ন করেন যেসব জিনিস তাকে সালাতে আদায় করতে দেখে মু’আবিয়াহ্ তা করতে বারণ করেছেন। [তাই ’আমর (রহঃ) সায়িব (রাঃ)-এর নিকট গেলেন এবং তার থেকে এসব সম্পর্কে বিস্তারিত জানতে চাইলেন।] তিনি বললেন, হ্যাঁ, একবার আমি ’আমীরে মু’আবিয়ার সঙ্গে মাক্‌সূরায় জুমু’আর সালাত আদায় করেছি। ইমাম সালাম ফিরাবার পর আমি (ফরয পড়ার স্থানেই) দাঁড়িয়ে গেলাম ও সুন্নাত সালাত আদায় করতে শুরু করলাম। (’আমীরে মু’আবিয়াহ্ সালাত শেষ করে নিজের বাড়ীতে চলে গেলেন)। যাওয়ার সময় তিনি এক লোককে, আমাকে বলার জন্যে বলে পাঠালেন যে, ঐ সময় (জুমু’আহ্ আদায়ের সময়) তুমি যা করেছ ভবিষ্যতে তুমি যেন তা না করো। যখন তুমি জুমু’আর সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করবে তখন ফরয সালাতকে আর কোন সালাতের সঙ্গে মিশিয়ে ফেলবে না, যে পর্যন্ত না তুমি কোন কথাবার্তা বলো অথবা (মাসজিদ থেকে) বের হয়ে যাও। কারণ রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে আদেশ করেছেন, আমরা যেন এক সালাতকে আর সালাতের সঙ্গে মিশিয়ে না ফেলি, যতক্ষণ পর্যন্ত না কথাবার্তা বলি অথবা মাসজিদ থেকে বের হয়ে না যাই। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৮৬৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (لَا تَعُدْ لِمَا فَعَلْتَ) তুমি যা করেছ পুনরায় আর তা করবে না। অর্থাৎ যেখানে ফরয সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করেছ সেখান থেকে সরে না গিয়ে অথবা অন্যের সাথে কথাবার্তা না বলে সেখানে সুন্নাত সালাত আদায় করবে না। (إِذَا صَلَّيْتَ الْجُمُعَةَ) যখন জুমু‘আর সালাত আদায় কর। এখানে জুমু‘আর উল্লেখ একটি উদাহরণ অন্যান্য ফরয সালাত (সালাত/নামায/নামাজ) ও জুমু‘আর সালাতের মতই।

হাদীসের শিক্ষাঃ ফরয সালাত আদায় করার পর সে স্থান ত্যাগ করে অন্যত্র সুন্নাত ও নফল সালাত আদায় করা মুস্তাহাব। সর্বোত্তম হল ঘরে গিয়ে তা আদায় করা। আর মসজিদে তা আদায় করলে ফরয সালাত আদায়ের স্থান ত্যাগ করে অন্যত্র তা আদায় করা।

(حَتّٰى تَكَلَّمَ) যতক্ষণ কথা না বলবে। এ থেকে জানা যায় যে ফরয ও নফল সালাতের মাঝে কথা বলার মাধ্যমেও দু’সালাতের মাঝে বিচ্ছেদ ঘটানো যায়। তবে স্থান পরিবর্তন করা অধিক উত্তম।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55746

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন